আলু পাঠানো যাবে অন্যত্র, জানালেন মন্ত্রী দিলীপ

# কৃষক বাজারের অব্যবহৃত জায়গা বেকারদের, উদ্যোগ

**স্টাফ রিপোর্টার :** বেশি ফলনের পর টম্যাটো, বিট, গাজরের মতো সবজি ছোট হিমঘরে রেখে দেওয়ার পরিকল্পনা করল রাজ্য। রাজ্যের পঞ্চায়েত ও কৃষি বিপণন মন্ত্রী দিলীপ ঘোষ ক্যালকাটা চেম্বার অফ কমার্সের 'বাংলায় শিল্প সুযোগ' বিষয়ে অনুষ্ঠানে সোমবার বলেন, ছোট হিমঘরগুলি হলে টম্যাটো, বিট-গাজরের মতো সবজি আরও তিন-চারমাস রাখা যাবে। পাশাপাশি আলু বাইরে পাঠানোর ক্ষেত্রে কোনও বিধিনিষেধ নেই বলেও স্পষ্ট জানিয়ে দেন। উল্লেখ্য, মুখ্যমন্ত্রী থাকাকালীন মমতা বন্দ্যোপাধ্যায় একটা সময় আলু ভিনরাজ্যে পাঠানোয় নিষেধাজ্ঞা জারি করেন। সেই প্রসঙ্গ তুলে তিনি আগের সরকারকে আক্রমণ করে বলেন, রাজনীতির জন্য সিস্টেমকে ডিসটার্ব করা হয়েছে। সূত্রে খবর, আলুচাষিদের স্বার্থে কেন্দ্রের সহায়তায় বিদেশে আলু পাঠানোর ব্যাপারে সিদ্ধান্ত হয়েছে। এ ব্যাপারে এগিয়েছে রাজ্য। এদিন বণিকসভার সদস্যদের কাছে দিলীপ আর্জি জানান, সবাইকে বলুন বাংলায় বদল হয়েছে। বাংলায় বিনিয়োগ করুন। ১২.৫ লক্ষ স্বনির্ভর গোষ্ঠীকে এবার প্রায় ৪০ হাজার কোটির লোন দেওয়া হয়েছে। রাজ্যে শিল্প আনার ক্ষেত্রে আইন-শৃঙ্খলা গুরুত্বপূর্ণ বলে তাঁর মত। সেই প্রেক্ষিতে গুলশন কলোনির বহু বাসিন্দার মতোই বাংলাদেশ থেকে আসা 'দেশদ্রোহী, সমাজবিরোধীরা' দায়ী বলে মনে করেন। এ ছাড়াও মন্ত্রী বলেন, ১৮৬টি কৃষক বাজারের বহু ফাঁকা পড়ে রয়েছে। সেগুলিতে খাদ্য প্রক্রিয়াকরণ কেন্দ্র করা হবে। কোনও বেকার যদি উদ্যোগী হতে চান তবে জায়গাও দেবে বলে জানান। সে ক্ষেত্রে শুধু বিদ্যুতের বিলি জমা করতে হবে।